ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-১৩৭০

আগরতলা, ২৩ জুন, ২০২৫

**জেলা ভিত্তিক 'ডায়রিয়া প্রতিরোধ অভিযান'-এর উদ্বোধন**

ধলাই জেলার গঙ্গানগর কমিউনিটি হলে গঙ্গানগর পি.এইচ.সি-.এর অধীনে ডিস্ট্রিক্ট লেভেল ডায়রিয়া প্রতিরোধ অভিযান' শুরু হয়েছে। এই অভিযান ১৬ই জুন থেকে ৩১শে জুলাই পর্যন্ত চলবে এবং এর মূল উদ্দেশ্য হলো ডায়রিয়া রোগ প্রতিরোধ করা। এম.ডি.সি .ভূমিকা নন্দা রিয়াং এই কর্মসূচির উদ্বোধন করেন। তাঁর বক্তব্যে তিনি ডায়রিয়া প্রতিরোধের গুরুত্ব তুলে ধরেন এবং সকলকে সচেতন থাকার আহ্বান জানান। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ধলাই জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাঃ এপোলো কলই, ধলাই-এর জেলা স্বাস্থ্য আধিকারিক ডাঃ প্রীতম দেববর্মা, গঙ্গানগরের সি.ডি.পি.ও .প্রদীপ দেববর্মা, সমাজকর্মী রমনজয় রিয়াং এবং গঙ্গানগর স্কুলের স্কুল পরিদর্শক অমর চাঁদ সরকার। আমন্ত্রিত অতিথিগণ ডায়রিয়া রোগ প্রতিরোধের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন এবং এই বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির উপর জোর দেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গঙ্গানগর বিএসি`র চেয়ারম্যান খুমুরাই রিয়াং। এই অভিযান চলাকালীন ০-৫ বছর বয়সী সকল শিশুদের আশাকর্মীদের মাধ্যমে ও.আর.এস, জিঙ্ক ট্যাবলেট বিতরণ করা হয়। অনুষ্ঠানে স্কুল শিক্ষার্থী, আশাকর্মী, অঙ্গনওয়াড়ি কর্মী এবং স্বাস্থ্য বিভাগের সকল স্তরের কর্মীরা উপস্থিত ছিলেন। ধলাই জেলার মুখ্য চিকিৎসা আধিকারিকের কার্যালয় থেকে এক প্রেস রিলিজের মাধ্যমে এই সংবাদ জানানো হয়েছে।

*******